**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**প্রশিক্ষণ শাখা-১**
**www.lawjusticediv.gov.bd**

নম্বর: ১০.০০.০০০০.০০০.১৫১.০৮.০০০৩.২৫.**৮৯**

তারিখ: ৩০ আষাঢ় ১৪৩২ / ১৪ জুলাই ২০২৫

## প্রজ্ঞাপন

বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে আইন ও বিচার বিভাগের সংযুক্ত কর্মকর্তা (সিনিয়র সহকারী জজ) জনাব রিমি সাহা এর অনুকূলে ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ইনস্টিটিউট অব বাংলাদেশ স্টাডিজ, রাজশাহী বিশ্ববিদ্যালয় হতে এমফিল প্রোগ্রামে (পিএইচডিতে স্থানান্তরযোগ্য) অধ্যয়নের উদ্দেশ্যে আগামী ১৪/০৭/২০২৫ হতে ১৩/০৭/২০২৭ তারিখ পর্যন্ত ০২ (দুই) বছরের জন্য নিম্নলিখিত শর্তে প্রেষণ মঞ্জুর করা হলো:

**শর্তসমূহ:**

(ক) তাঁর প্রেষণের সময়কাল কর্তব্যরত হিসেবে গণ্য হবে;

(খ) তিনি তাঁর বেতন ভাতাদি বিধি মোতাবেক প্রাপ্ত হবেন;

(গ) তাঁর এ অধ্যয়নে বাংলাদেশ সরকারের কোনো আর্থিক সংশ্লেষ থাকবে না;

(ঘ) সরকারের অনুমতি ব্যতীত প্রেষণের অতিরিক্ত সময় তিনি উক্ত বিশ্ববিদ্যালয়ে অবস্থান করতে পারবেন না, অবস্থান করলে তা অবৈধ অনুপস্থিতি হিসেবে গণ্য হবে;

(ঙ) তিনি পিএইচ.ডি প্রোগ্রাম সম্পন্নের পর অবিলম্বে কর্মস্থলে যোগদান করবেন এবং পিএইচ.ডি সম্পন্নের পর তিনি উক্ত প্রোগ্রাম সমাপ্তির সনদপত্র/প্রত্যয়নপত্র এ বিভাগে দাখিল করবেন;

(চ) প্রেষণ শেষে জনপ্রশাসন প্রশিক্ষণ ও উচ্চশিক্ষা নীতিমালা, ২০২৩ এর ২৮ অনুচ্ছেদে উল্লিখিত নির্ধারিত সময় চাকরি না করে পদত্যাগ করলে অথবা চাকরি হতে বিনা অনুমতিতে অনুপস্থিত থাকলে আহরিত বেতন-ভাতা সরকারের নিকট পরিশোধে বাধ্য থাকবেন;

(ছ) জনপ্রশাসন প্রশিক্ষণ ও উচ্চশিক্ষা নীতিমালা, ২০২৩ এর শর্তসমূহ প্রযোজ্য হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

**(এ. এফ. এম গোলজার রহমান)**
উপসচিব (প্রশিক্ষণ)
14.07.25

নম্বর: ১০.০০.০০০০.০০০.১৫১.০৮.০০০৩.২৫.**৮৯**/১(১২)

তারিখ: ৩০ আষাঢ় ১৪৩২ / ১৪ জুলাই ২০২৫

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
২। সচিব, ইনস্টিটিউট অব বাংলাদেশ স্টাডিজ, রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী।
৩। উপদেষ্টার একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৪। সচিবের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
৫। সিনিয়র সহকারী সচিব, বিচার শাখা-১/৫/বাজেট-১/২, আইন ও বিচার বিভাগ।
৬। জনাব রিমি সাহা, সংযুক্ত কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ।
৭। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।
[উপরের প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।]
৮। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, হিসাব ভবন, ৫ম তলা, কক্ষ নং ৫০৩, সেগুনবাগিচা, ঢাকা।
৯। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
১০। হিসাব রক্ষণ কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ।
১১। গার্ড ফাইল।
১২। অফিস কপি।

১৪/০৭/২৫
**(মারুফ আল্লাম)**
সিনিয়র সহকারী সচিব